

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৬৬৮

১. পবিত্রতা (১ পবিত্রতা)

পরিচ্ছেদঃ ৫৯. তাইয়াম্মুম

بَابُ التَّيَمُّمِ

আরবী

حَدَّثَنَا الْقَاضِيَانِ: الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، وَأَبُو عُمَرَ مُحَمَّدُ بْنُ يُوسُفَ ، قَالَا: نَا إِبْرَاهِيمُ بْنُ هَانِئٍ ، نَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ ، ثَنَا أَبَانُ ، قَالَ: سُئِلَ قَتَادَةُ عَنِ التَّيَمُّمِ فِي السَّفَرِ ؟ فَقَالَ: كَانَ ابْنُ عُمَرَ يَقُولُ: إِلَى الْمِرْفَقَيْنِ ، وَكَانَ الْحَسَنُ وَإِبْرَاهِيمُ النَّخَعِيُّ يَقُولُانِ: إِلَى الْمِرْفَقَيْنِ ، وَكَانَ الْحَسَنُ وَإِبْرَاهِيمُ النَّخَعِيُّ يَقُولُ: إِلَى الْمِرْفَقَيْنِ ، وَكَانَ الْحَسَنُ وَإِبْرَاهِيمُ النَّخَعِيُّ يَقُولُانِ: إِلَى الْمِرْفَقَيْن

قَالَ: وَحَدَّثَنِي مُحَدِّثُ عَنِ الشَّعْبِيِّ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبْزَى ، عَنْ عَمَّارِ بْنِ يَاسِرٍ ؛ أَنَّ رَسُولَ اللَّهِ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ قَالَ : " إِلَى الْمِرْفَقَيْنِ " . قَالَ أَبُو إِسْحَاقَ : فَذَكَرْتُهُ لِأَحْمَدَ بْنِ حَنْبَلِ ، فَعَجِبَ مِنْهُ وَقَالَ : مَا أَحْسَنَهُ

বাংলা

৬৬৮(২৪). আল-হুসাইন ইবনে ইসমাঈল ও আবু উমার মুহাম্মাদ ইবনে ইউসুফ (রহঃ) ... আবান (রহঃ) বলেন, কাতাদা (রহঃ)-এর নিকট সফররত অবস্থায় তাইয়াম্মুম করা সম্পর্কে জিজ্ঞেস করা হলো। তিনি বলেন, ইবনে উমার (রাঃ) বলতেন, উভয় কনুই পর্যন্ত মসেহ করতে হবে। আর আল-হাসান ও ইবরাহীম (রহঃ) আন-নাখঈ (রহঃ)-ও বলতেন, উভয় কনুই পর্যন্ত মসেহ করতে হবে।

রাবী বলেন, আমার নিকট একজন মুহাদ্দিস হাদীস বর্ণনা করেছেন আশ-শাবী-আবদুর রহমান ইবনে আবা-আমার ইবনে ইয়াসির (রাঃ) সূত্রে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ উভয় হাত কনুই সমেত মসেহ করতে হবে । আবু ইসহাক (রহঃ) বলেন, আমি বিষয়টি আহমাদ ইবনে হাম্বল (রহঃ) এর নিকট উল্লেখ করলে তিনি তাতে বিস্ময় প্রকাশ করেন এবং বলেন, তা কতো উত্তম!

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবান ইবন উসমান (রহঃ)



 $\textit{\textbf{\textit{9}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id} = 80457$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন